

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা।
www.lgd.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

নং-৪৬.০০.০০০০.০৬৪.৩২.১৪৭.১৬- ৪০


তারিখ : ১৪/০১/২০২৪ খ্রিঃ।

বিষয়ঃ কুমিল্লা জেলার দেবিদ্বার পৌরসভার অন্তর্গত সিএনজি-অটোরিক্সা-মাইক্রোবাস-অ্যাশুলেঙ্গ স্ট্যান্ড
ইজারা না দেওয়া প্রসঙ্গে।

সূত্রঃ জনাব মোঃ আবুল কালাম আজাদ, সংসদ সদস্য, কুমিল্লা-৪ হতে প্রাপ্ত ডিও নং-০১, তারিখঃ ১০/০১/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে কুমিল্লা জেলার দেবিদ্বার পৌরসভার অন্তর্গত সিএনজি-অটোরিক্সা-মাইক্রোবাস-অ্যাশুলেঙ্গ স্ট্যান্ড ইজারা দেওয়া সংক্রান্ত ডিও পত্রে উল্লিখিত বিষয় তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংখ্যক্টিঃ ০২ পাতা।


(মোঃ মাহবুবুর রহমান ভূঁইয়া)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭২
E-Mail: lgpaura2@lgd.gov.bd

জেলা প্রশাসক
কুমিল্লা।

অনুলিপি :

১. জনাব মোঃ আবুল কালাম আজাদ, সংসদ সদস্য-২৫২, কুমিল্লা-৪, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।



২০২৪
২০২৪/০১
২০২৪

বাংলাদেশ জাতীয় সংসদ
মোঃ আবুল কালাম আজাদ
সংসদ সদস্য
২৫২ কুমিল্লা-৪ (দেবিদ্বার)

ডিও লেটার নম্বর: ২০২৪/০১

তারিখ: ১০ জানুয়ারি ২০২৪

বিষয়: কুমিল্লা জেলার দেবিদ্বার পৌরসভার অন্তর্গত সিএনজি-অটোরিক্সা-মাইক্রোবাস-অ্যাম্বুলেন্স স্ট্যান্ড ইজারা না দেওয়া প্রসঙ্গে।

মহোদয়,

আসসালামু আলাইকুম। উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, দেবিদ্বার পৌরসভার অন্তর্গত বেশ কয়েকটি সিএনজি-অটোরিক্সা-মাইক্রোবাস-অ্যাম্বুলেন্স স্ট্যান্ড ইজারা দেওয়া হয়েছে। ঐ স্ট্যান্ডগুলোতে অতিরিক্ত হারে জিবি আদায় করা হচ্ছে। ফলে যানবাহন চালকদেরকে অতিরিক্ত টাকা পরিশোধ করতে হচ্ছে এবং যাত্রী সাধারণকেও অতিরিক্ত ভাড়া পরিশোধ করতে হচ্ছে। সিএনজি-অটোরিক্সা-মাইক্রোবাস-অ্যাম্বুলেন্স চালকদেরকে একরকম জিম্মি করে পৌর কর্তৃপক্ষ জিবি আদায় করছে, যা চাঁদাবাজির নামান্তর।

এখানে আরো উল্লেখ্য যে, আইন/নীতিমালা অনুযায়ী পৌরসভার নিজস্ব জায়গা ইজারা দেওয়া যায়। কিন্তু দেবিদ্বার পৌরসভার অন্তর্গত সিএনজি-অটোরিক্সা-মাইক্রোবাস-অ্যাম্বুলেন্স স্ট্যান্ডগুলো পৌরসভার নিজস্ব জায়গায় অবস্থিত নয়। বিদ্যমান নীতিমালা উপেক্ষা করে স্ট্যান্ডগুলো ইজারা দেওয়া হয়েছে।

এমতাবস্থায়, কুমিল্লা জেলার দেবিদ্বার পৌরসভার অন্তর্গত সিএনজি-অটোরিক্সা-মাইক্রোবাস-অ্যাম্বুলেন্স স্ট্যান্ড ইজারা না দেওয়ার জন্য জোর সুপারিশ জানাচ্ছি।

এই বিষয়ে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি। আপনাকে ধন্যবাদ।

ধন্যবাদান্তে,

মোঃ আবুল কালাম আজাদ
সংসদ সদস্য
২৫২ কুমিল্লা-৪ (দেবিদ্বার)

সচিব
স্থানীয় সরকার বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার